

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭৬০

আগরতলা, ১০ নভেম্বর, ২০২৪

ত্রিপুরা ইনফো ডটকম আয়োজিত মেগা কুইজ

**মানুষের অন্তর্নিহিত পূর্ণতার বিকাশ জ্ঞানের মাধ্যমেই সম্ভব : মুখ্যমন্ত্রী**

মানুষের অন্তর্নিহিত পূর্ণতার বিকাশ জ্ঞানের মাধ্যমেই সম্ভব। বর্তমান যুগে সৃজনশীল বিনোদনের মাধ্যমে জ্ঞান আহরণের আগ্রহ বাড়াতে কুইজ প্রতিযোগিতা অন্যতম উল্লেখযোগ্য একটি প্ল্যাটফর্ম। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং প্রেক্ষাগৃহে ত্রিপুরা ইনফো ডটকম আয়োজিত মেগা কুইজ প্রতিযোগিতায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রতিবছর সমস্ত বয়সের জনগণের অংশগ্রহণের মধ্য দিয়ে ত্রিপুরা ইনফো ডটকম আয়োজিত কুইজ প্রতিযোগিতাটি সাড়ম্বরে আয়োজিত হচ্ছে। এই কুইজ প্রতিযোগিতার জন্য মানুষ অধীর আগ্রহে অপেক্ষা করেন। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান প্রযুক্তির যুগে নিজেকে আপডেট রাখাও অত্যন্ত প্রয়োজন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রিপুরা ইনফো ডটকম ওয়েব পোর্টালটির বিভিন্ন কর্মসূচিসমূহের উপর আলোকপাত করে বলেন, এই ধরনের মেগা কুইজ প্রতিযোগিতার আসর আয়োজনের মধ্য দিয়ে প্রতিফলিত হয় ত্রিপুরাও কোনও অংশে কম নয়। এধরনের উদ্যোগ আগামী দিনেও অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন। ত্রিপুরা ইনফো ডটকম পরিচালিত মেগা কুইজের গরিমা বৃদ্ধির জন্যও তিনি শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে ত্রিপুরা ইনফো ডটকমের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর হাতে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ১০ হাজার টাকার চেক তুলে দেন ত্রিপুরা ইনফো ডটকমের কর্ণধার জয়ন্ত দেবনাথ এবং রাজ্যের বরিষ্ঠ সাংবাদিক শেখর দত্ত। ত্রিপুরা ইনফো ডটকম আয়োজিত ১৯তম মেগা কুইজকে কেন্দ্র করে রাজ্যের কুইজ প্রেমীদের মধ্যে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়।

\*\*\*\*\*